এমসি কলেজে ধর্ষণে জড়িতদের ‘সরাসরি ক্রসফায়ারে’ দিতে বললেন হানিফ

চেম্বার ডেস্ক:: সিলেটের এমসি কলেজে তরুণীকে দলবেঁধে ধর্ষণের ঘটনায় জড়িতদের ‘সরাসরি ক্রসফায়ারে’ দেয়া দরকার বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

মঙ্গলবার ঢাকা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে এক আলোচনা ও দোয়া মাহফিলে তিনি এ মন্তব্য করেন।প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে এই আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন, বাংলাদেশ (আইইবি)।

হানিফ বলেন, এমসি কলেজে যা ঘটেছে- তা খুবই দুঃখজনক, লজ্জাজনক এবং নিন্দাজনক। আমাদের এক বোনের ওপর পাশবিক নির্যাতন করেছে। ধর্ষণকারীরা কোন দলের সেটার মধ্যে আমি যেতে চাই না। এটা নিয়ে অনেক বিভ্রান্তি আছে, কেউ বলছে বর্তমান ছাত্রলীগের, কেউ বলছে ছাত্রদলের। তারা যে দলেরই হোক, এই ঘটনা চরম নিন্দনীয়।

আওয়ামী লীগের এই যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, আমার যদি সুযোগ থাকত তাহলে এদেরকে বিচারের কাঠগড়ায় না দাঁড় করিয়ে সরাসরি ক্রসফায়ারে দিয়ে দিতে বলতাম। যদিও আমরা ক্রসফায়ারের বিরুদ্ধে, নির্বিচারে হত্যার বিরুদ্ধে। তারপরও আমি বলি, যারা এ ধরনের পাশবিক নির্যাতন করে, এরা পশু। এরা কোনো মানুষের কাতারে পড়ে না।এই পশুগুলোকে অহেতুক বিচারের কাঠগড়ায় দাঁড় না করিয়ে ধরে ধরে সরাসরি ক্রসফায়ার দেয়া দরকার।

আইইবি সভাপতি মো. নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন- আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রকৌশলী

মো. আবদুস সবুর, আইইবির সহ-সভাপতি নূরুজ্জামান, খন্দকার মনজুর মোর্শেদ, মোহাম্মদ হোসাইন, এসএম মনজুরুল হক মঞ্জু, সাধারণ সম্পাদক শাহাদাৎ হোসেন (শীবলু) ও সহকারী সাধারণ সম্পাদক মো. রনক আহসান।